গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০১০.২৪.২০১

বিষয়: "এইচ কে ড্রীম নীটওয়্যার" নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর মেয়াদ এক বছর বৃদ্ধির সুপারিশ প্রদান।

সূত্র: আবেদনপত্র নং-৮০৮, তারিখঃ ০১/০৯/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এইচ কে ড্রীম নীটওয়্যার, অফিস ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন নং- পরি:/নিটিং:০০০০০৫২৬-২০২০, তারিখঃ ১৫/১২/২০২০ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: "টেক্সটাইল নিটিং"। প্রতিষ্ঠানটির শিল্প আইআরসি নং- ২৬০৩২৬১২০৫৫২৮২০ জারী করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাদের ব্যবসায়িক মন্দার কারণে ৩য় এডহক শিল্প আইআরসি এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে ৩য় এডহক শিল্প আইআরসি এর মেয়াদ বৃদ্ধির সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর মেয়াদ এক বছর বৃদ্ধির সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমূখী শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর বিধি বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে। কারখানাটির অনুকূলে নিম্নোক্তভাবে আমদানি স্বত্ব নির্ধারণ করে ৩য় এডহক শিল্প আইআরসি এর মেয়াদ এক বছর বৃদ্ধির সুপারিশ প্রদান করা হলো।

ক্র: নং	শিল্প উপখাত	আমদানিযোগ্য পণ্যের এইচ এস কোড	ষান্মাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
১	"টেক্সটাইল নিটিং"	তালিকা সংযুক্ত	২,৪৫,৭০,০০০/- (দুই কোটি পঁয়তাল্লিশ লক্ষ সত্তুর হাজার) টাকা মাত্র।	৪,৯১,৪০,০০০/- (চার কোটি একানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা মাত্র।

উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে বর্তমান আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এইচ কে ড্রীম নীটওয়্যার নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি এর মেয়াদ এক বছর বৃদ্ধির সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমূখী "টেক্সটাইল নিটিং" বিধায় আমদানিযোগ্য কাচাঁমাল সমূহ (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ'কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

২২-০৯-২০২৫
মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০১০.২৪.২০১/১ (৪)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
৩। সত্ত্বাধিকারী, অফিস ও কারখানাঃ সারদাগঞ্জ, কাশিমপুর, গাজীপুর সদর, গাজীপুর।
৪। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২২-০৯-২০২৫
কামরুল আলম
সহকারী পরিচালক (কারিগরি)।